# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**08-04-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিচারাধীন ভোটারদের নামের পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ করল নির্বাচন কমিশন। গত লোকসভা নির্বাচনের নিরিখে বাদ পড়া ভোটারের সংখ্যা এখন হলো প্রায় ৯১ লক্ষ।

২) বিধানসভা নির্বাচনের আগে আজ রাজ্যের সব পর্যবেক্ষকের সঙ্গে বৈঠক করবেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ।

৩) রাজ্য বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জমে উঠেছে প্রচারাভিযান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজ্যে আসছেন।

৪) আসন্ন বিধানসভা নির্বাচনে বুথে বুথে কড়া নজরদারি চালাতে পূর্ণ প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন।

৫) রাজ্যে প্রথম দফার বিধানসভা  নির্বাচনে, ১৫২ টি আসনের জন্য ২ হাজার ৩০৪ টি মনোনয়ন জমা পড়েছে।

৬) দক্ষিণবঙ্গের বহু জেলাতে আজ প্রবল ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooo

রাজ্যে বিচারাধীন ভোটারদের নামের পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ করল নির্বাচন কমিশন। প্রকাশিত রিপোর্টে প্রথমবার যোগ্য ও অযোগ্য হিসাবে চিহ্নিত ভোটারদের জেলাভিত্তিক বিশদ তথ্য সামনে নিয়ে আসা হয়েছে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, মোট প্রায় ৬০ লক্ষের বেশি ভোটারকে বিচারাধীন হিসেবে চিহ্নিত করা হয়েছিল। তার মধ্যে প্রায় ৩২ লক্ষের বেশি ভোটারকে যোগ্য বলে চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে প্রায় ২৭ লক্ষের কাছাকাছি নাম অযোগ্য হিসেবে চিহ্নিত হয়েছে। সব মিলিয়ে রাজ্যে গত লোকসভা নির্বাচনের তুলনায় বাদ পড়া ভোটারের সংখ্যা এখন হলো প্রায় ৯১ লক্ষ।

চলতি এস আই আর-এর শুরুতে রাজ্যে মোট ভোটার ছিলেন প্রায় ৭ কোটি ৬৬ লক্ষ। প্রাথমিক পর্বের পরে খসড়া তালিকাতেই বাদ পড়েছিলেন, ৫৮ লক্ষের বেশি ভোটার।

সবচেয়ে বেশি নাম বাদ গিয়েছে মুর্শিদাবাদ জেলায়—প্রায় ৪ লক্ষ ৫৫ হাজার । দ্বিতীয় স্থানে রয়েছে উত্তর ২৪ পরগনা, যেখানে প্রায় ৩ লক্ষ ২৫ হাজার নাম বাদ গিয়েছে। তার পরে রয়েছে মালদহ, সেখানে প্রায় ২ লক্ষ ৩৯ হাজার, নদীয়াতে বাদ গিয়েছে ২ লক্ষ ৮ হাজার, দক্ষিণ ২৪ পরগনায় প্রায় ২ লক্ষ ২২ হাজার, বীরভূমে ৮২ হাজার, হুগলিতে প্রায় ১ লক্ষ ২০ হাজার, পশ্চিম বর্ধমানে প্রায় ৭৪ হাজার এবং উত্তর দিনাজপুরে প্রায় ১ লক্ষ ৭৬ হাজার নাম বাদ পড়েছে বলে রিপোর্টে উল্লেখ রয়েছে। কমিশন জানিয়েছে, বিচার প্রক্রিয়া অনুযায়ী প্রতিটি নাম খতিয়ে দেখে সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং সেই ভিত্তিতেই এই তালিকা প্রকাশ করা হয়েছে।

তবে সুপ্রিম কোর্টের নির্দেশ মত অযোগ্য হিসাবে চিহ্নিত ভোটাররা বিচারবিভাগীয় ট্রাইবুনালের কাছে পুনর্বিবেচনার আবেদন জানাতে পারবেন।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী SIR-এ বিচারাধীন ভোটারদের ট্রাইব্যুনালে শুনানির জন্য মান্য কার্যবিধি বা SOP তৈরির লক্ষে কলকাতা হাইকোর্ট তিন বিচারপতির কমিটি গঠন করেছে। এই কমিটিতে রয়েছেন, অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি টি.এস.শিব জ্ঞানম , বিচারপতি প্রদীপ্ত রায় এবং বিচারপতি প্রণব কুমার দেব। এই কমিটি ট্রাইব্যুনালের বিচারের জন্য এস ও পি তৈরি করার পর কাজে নামবেন বিচারপতিরা।

oooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের আগে আজ রাজ্যের সব পর্যবেক্ষকের সঙ্গে বৈঠক করবেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ। বেলা ১১-টায় ডাকা বৈঠকে পর্যবেক্ষকদের কাজকর্ম নিয়ে বিস্তারিত আলোচনা হওয়ার কথা। পর্যবেক্ষকদের কাছ থেকে সরাসরি রিপোর্ট নিয়ে পরবর্তী কৌশল নির্ধারণ করতে পারেন মুখ্য নির্বাচন কমিশনার।

উল্লেখ্য এবার রাজ্যে প্রতিটি বিধানসভার জন্য একজন করে সাধারণ পর্যবেক্ষক নিয়োগ করেছে কমিশন। পাশাপাশি পুলিশ পর্যবেক্ষকের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বাড়ানো হয়েছে। সাধারণত একটি পুলিশ জেলা বা কমিশনারেট পিছু একজন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করা হয়। তবে এবার সেই সংখ্যা দ্বিগুণেরও বেশি করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর।

oooooooooooooooooooo

রাজ্যের বহু বুথে পর্যাপ্ত পরিকাঠামো না থাকায় অসন্তোষ প্রকাশ করে নির্বাচন কমিশন, প্রতিটি জেলায় একজন করে সচিব পদমর্যাদার আধিকারিক নিয়োগ করতে নির্দেশ দিয়েছে। তারা সরাসরি বুথের পরিকাঠামো খতিয়ে দেখবেন। সংশ্লিষ্ট জেলাগুলিতে বুথ পরিদর্শনের পর কোথায় কী ঘাটতি রয়েছে, তা চিহ্নিত করে দ্রুত সমস্যার সমাধান করবেন। ভোটের আগে সমস্ত বুথে ন্যূনতম পরিকাঠামো নিশ্চিত করতেই এই পদক্ষেপ।

উল্লেখ্য, এব্যাপারে রাজ্য সরকারকে একাধিকবার নির্দেশ দেওয়া সত্ত্বেও সেই কাজে যথেষ্ট উদ্যোগ নেওয়া হয়নি বলে অভিযোগ।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে ভোটের দিন পোলিং এজেন্টদের বুথের ভিতরে বসতে দেওয়া হবে না বলে যে খবর ছড়িয়েছে নির্বাচন কমিশন তা খারিজ করে দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, এ ধরনের কোনও নতুন নির্দেশিকা জারি করেনি কমিশন। ফলে পোলিং এজেন্টদের বসার ক্ষেত্রে আগের নিয়মই বহাল থাকবে।

কমিশনের দাবি, সংবাদ মাধ্যমের একাংশে এই ভুয়ো বার্তা ছড়ানো হচ্ছিল। সেই কারণেই বিষয়টি পরিষ্কার করে জানানো হল।

oooooooooooooooooooooooo

সরকার এবং সরকার পোষিত সংস্থা কর্মচারীরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে রাজনৈতিক কার্যকলাপের সঙ্গে যুক্ত থাকলে তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে এক নির্দেশিকা প্রকাশ করেছেন রাজ্যের মুখ্য সচিব দুষ্মন্ত নারিয়ালা। জেলা শাসকদের কাছে পাঠানো এই নির্দেশিকায় উল্লেখ করেছেন, যদি কোনও সরকারি কর্মীর বিরুদ্ধে রাজনৈতিক কার্যকলাপের সঙ্গে যুক্ত বলে প্রমাণ পাওয়া যায়, তাহলে

তার বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে আনা হবে এবং এফআইআরও করা হবে। আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণ করতে এই নির্দেশিকা।

তিনি জানিয়েছেন, ভোটারদের ভয় দেখানো, প্রলোভন দেখিয়ে ভোট প্রভাবিত করা, ছাপ্পা ভোট, বুথ জ্যামিং বন্ধ করা , ভোটারদের বাড়ি থেকে বুথে যেতে বাধা যাতে না দেওয়া হয় তা ভোট কর্মীদের নিশ্চিত করতে হবে।

oooooooooooooooooooooo

বিধানসভা ভোটের জন্য পিছিয়ে দেওয়া হচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের প্রথম সেমিস্টারের পরীক্ষা। ১৩-ই এপ্রিলের পর সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। অনেক কলেজে কেন্দ্রীয় বাহিনী রয়েছে। আবার ভোটের কাজে শিক্ষক ও অন্যান্য কর্মীদের ও দায়িত্ব দেওয়া হয়েছে। ফলে পরীক্ষা চালানো অসম্ভব বলে অনেক কলেজ কর্তৃপক্ষ কলকাতা বিশ্ববিদ্যালয়কে জানিয়েছিল। সেই কারণেই ১৩ এপ্রিলের পর থেকে যেসব পরীক্ষা রয়েছে সেগুলি আপাতত স্থগিত করা হয়েছে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় দৈনন্দিন জীবনে আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তন। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস এর সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আজ শুনবেন প্রথম পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচন এগিয়ে আসার সঙ্গেই জমে উঠেছে প্রচারাভিযান।

বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আগামীকাল রাজ্যে আসছেন। পূর্ব মেদিনীপুরের হলদিয়ায়, পশ্চিম বর্ধামনের আসানসোল এবং বীরভূমের সিউরিতে দলীয় প্রার্থীর সমর্থনে তিনটি জনসভা করবেন তিনি।

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে আজ উত্তরবঙ্গ যাবেন। আলিপুরদুয়ারে এক জনসভায় বক্তব্য রাখার পর নাগরাকাটায় চা শ্রমিকদের সঙ্গে বৈঠক করবেন তিনি। এছাড়াও ময়নাগুড়িতে রোডশোর পাশাপাশি শিলিগুড়িতে একটি বেসরকারি হোটেলে দলের সাংগঠনিক বৈঠকে যোগ দেবেন ।

এদিকে, গতকাল প্রবীণ বিজেপি নেতা প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরে পরিবর্তন সংকল্প সভায় অংশ নেন। তিনি বলেন, তৃণমূল কংগ্রেস অপশাসন ও দুর্নীতির প্রতীক। গত ১৫ বছর ধরে তোষণের রাজনীতি করছে তারা। শাসকদলের মদতেই অনুপ্রবেশকারীরা দেশে প্রবেশ করে জনবিন্যাস বদলে দিচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

বাইট - রাজনাথ

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল উত্তর ২৪ পরগণার বনগাঁ নদীয়ার চাকদা, কল্যাণী এবং হরিণঘাটায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দেন। চাকদায় এক জনসভায় তিনি বলেন, চক্রান্ত করে বেছে বেছে ভোটার তালিকা থেকে মানুষের নাম বাদ দেওয়া হচ্ছে। অনুপ্রবেশ ইস্যুতে এদিন কেন্দ্রীয় সরকারের সমালোচনা করে মুখ্যমন্ত্রী বলেন, সীমান্তে পাহারা দিচ্ছে বিএসএফ। কাস্টমস থেকে শুরু করে রেল সবই কেন্দ্রীয় সরকারের। অথচ অনুপ্রবেশের জন্য রাজ্য সরকারকে নিশানা করা হচ্ছে।

বাইট - মমতা অনুপ্রবেশ

এদিকে, সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী অভিযোগ করেছেন, এসআইএর-এ মানুষের নাম বাদ যাওয়ার জন্য মুখ্যমন্ত্রীই দায়ী।

বাইট – সুজন

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনে বুথে বুথে কড়া নজরদারি চালাতে পূর্ণ প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন। ভোট চলাকালীন প্রত্যেক মুহূর্তের পরিস্থিতির ওপর নজর রাখতে ইতোমধ্যেই অত্যাধুনিক কন্ট্রোল রুম তৈরি করা হয়েছে। ৯০টি অত্যাধুনিক টিভি স্ক্রিনের সামনে বসে ২০০ জন মাইক্রো অবজার্ভার সর্বক্ষণ নজরদারি চলাবেন। বুথের ভিতর-বাইরের পাশাপাশি এলাকার গুরুত্বপূর্ণ রাস্তা এবং নাকা চেকিং পয়েন্টেও নজর রাখা হবে।

কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন, কন্ট্রোল রুমে আসা লাইভ ফুটেজ বিশ্লেষণের জন্য বিশেষ সফটওয়্যার ব্যবহার করা হবে, যার মাধ্যমে ভিড়ের মধ্যে থাকা ব্যক্তিদেরও চিহ্নিত করা সম্ভব। বুথের আশপাশে কোথাও সন্দেহজনক জমায়েত হলেই সতর্কবার্তা যাবে মাইক্রো অবজার্ভারদের কাছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে **প্রথম দফার** বিধানসভা **নির্বাচনে, ১৫২ টি** আসনের জন্য ২ হাজার ৩০৪ টি মনোনয়ন জমা পড়েছে। প্রাথমিকভাবে প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন এক হাজার ৫৮৬ জন। জমা পড়া মনোনয়নপত্রগুলি গতকাল পরীক্ষা করে দেখা হয়। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন আগামীকাল ৯ তারিখ পর্যন্ত। ২৩ শে এপ্রিল এই দফায় ভোট নেওয়া হবে ।

**দ্বিতীয় দফায় ১৪২ টি** আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার কাজ জোরকদমে চলেছে। আগামীকাল পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। পরদিন- শুক্রবার সেগুলি

পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩'ই এপ্রিল। এই দফায় ভোট নেওয়া হবে ২৯শে এপ্রিল।

ooooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের বহু জেলাতে আজ প্রবল ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বীরভূম পূর্ব ও পশ্চিম বর্ধমান বাঁকুড়া হুগলি হাওড়া ও উত্তর ২৪ পরগনা জেলায় কোথাও কোথাও ঝড়ের গতিবেগ ৬০ থেকে ৭০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। এইসব জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির কমলা সর্তকতা দেওয়া হয়েছে। উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় ভারী বৃষ্টি এবং দার্জিলিং জলপাইগুড়ি, মালদা এবং উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে। এদিকে দু-তিন দিনের বৃষ্টিতে কমেছে তাপমাত্রা। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে তিন ডিগ্রি কম।

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo

oooooooooooooooooooooo